

তারিখঃ ০২/০৬/২০২১ (পৃঃ ১৫)

টেকসই কৃষির উন্নয়নে মানসম্পন্ন গবেষণা প্রয়োজন

। কৃষিমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা ধরে রাখতে আরও মানসম্পন্ন ও কার্যকর গবেষণা পরিচালনা করতে হবে। টেকসই কৃষির উন্নয়নে অনেক চ্যালেঞ্জ রয়েছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় গবেষণা কৌশল নির্ধারণ করা জরুরি। মঙ্গলবার রাজধানীতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) মিলনায়তনে বিএআরসি আয়োজিত জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানগুলোর গবেষণার মান উন্নয়নে বিশেষজ্ঞ প্যানেলের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএআরসি নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ারের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মেসবাহুল ইসলাম।

বিএআরসি কৃষি গবেষণা সিস্টেমভুক্ত (এনএআরএস) এপেক্স বডি হিসেবে কাজ করে।